

PRINT

## সমকালী

# বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে পার্থক্য করা হয় না -শিক্ষামন্ত্রী

১০ ঘটা আগে

### সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে কোনো পার্থক্য করা হয় না। তারা সবাই আমাদের সন্তান ও জাতির ভাবিষ্যৎ। বেসরকারি কিছু বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবে না।

গতকাল রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনসিটিউশনে বেসরকারি সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তনে মন্ত্রী এসব কথা বলেন। বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্দেশ্যে শিক্ষামন্ত্রী বলেন, দেশের বাস্তবতা ও জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে ভর্তি ও টিউশন ফিসহ সব ব্যয় একটা সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে উদার দৃষ্টিভঙ্গ প্রচল করুন।

তিনি বলেন, সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ ও সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে গবেষণার মাধ্যমে নতুন তথ্য ও প্রযুক্তি উভাবন করতে হবে; যা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সহায়তা করবে।

সমাবর্তন বক্তা ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক রওনক জাহান। অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্চের কামিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মালান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কাজী জাহেদুল ইসলাম ও উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com